# 20800 - কুরবানীর পশুকে কোন মুসলিম কুরবানীর নিয়তে জবাই করা শর্ত

প্রশ্ন

কানাডার এক অঞ্চলে হতে পারে অন্য অঞ্চলেও এমনটি থাকবে আমরা যখন ভেড়া, ছাগল বা গরু কেনার জন্য ফার্মারের কাছে যাই তখন সে আমাদেরকে পাউন্ড হিসেবে দর উল্লেখ করে। অর্থাৎ পশুটি জবাই করার পর সে পশুটিকে ওজন করবে এবং পাউন্ড হিসেবে সে আমাদের থেকে নির্দিষ্ট এমাউন্ট নিবে। এর মধ্যে পশুর দাম, কসাইখানা ব্যবহারের খরচ, গোশত কাটা ও প্যাকেট করার খরচও অন্তর্ভুক্ত থাকে। কুরবানীর পশুর ক্ষেত্রে এভাবে করা কি জায়েয? নাকি প্রথমে পশুটি ক্রয় করা ও এর দাম পরিশোধ করা আবশ্যক? অধিকাংশ ফার্মার এভাবে রাজি হয় না। কেননা এতে করে তারা জবাই করা ও গোশত কাটার খরচ বঞ্চিত হয়।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কুরবানীর পশু কুরবানীর নিয়তে জবাই করা শর্ত। গোশতের জন্য জবাই করলে জায়েয হবে না।

ইমাম নববী (রহঃ) 'আল-মাজমু' গ্রন্থে (৮/৩৮০) বলেন: "কুরবানী শুদ্ধ হওয়ার জন্য নিয়ত শর্ত।"[সমাপ্ত]

প্রশ্নে উল্লেখিত পদ্ধতিতে কুরবানীর পশু ক্রয় করতে কোন আপত্তি নেই; তবে শর্ত হলো জবাইকারী কর্মচারীকে কুরবানীর নিয়তে জবাই করতে হবে; যদি সে মুসলিম হয়। অন্যথায় আপনাদের কেউ একজন জবাই করবেন। এরপর কর্মচারী পশুটির গোশত কাটবে।

শাইখ উছাইমীন (রহঃ) 'আল-শারহুল মুমতি' গ্রন্থে (৭/৪৯৪) বলেন:

"কোন কিতাবীকে (ইহুদী-খ্রিস্টানকে) কুরবানীর পশু জবাই করার দায়িত্ব দেয়া সঠিক নয়; যদিও কিতাবীর জবাই হালাল। কিন্তু কুরবানী একটি ইবাদত। তাই কিতাবীকে এ দায়িত্ব দেয়া সঠিক নয়। যেহেতু কিতাবী ইবাদত ও আনুগত্য পালন করার উপযুক্ত নয়। কেননা সে কাফের। কাফেরের কোন ইবাদত কবুলযোগ্য নয়। তার নিজের ইবাদত যেহেতু কবুলযোগ্য নয়; সুতরাং সে কর্তৃক অন্যের ইবাদত পালনও সঠিক নয়। পক্ষান্তরে, কোন কিতাবীকে যদি গোশত খাওয়ার জন্য কোন পশু জবাই করার দায়িত্ব দেয়া হয় তাহলে তাতে অসুবিধা নাই।"[সমাপ্ত]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।